গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা ।

নথি নং-১(১) শুল্কঃ রপ্তানি ও বন্ড/৯৯/২০৩(১)    তারিখ ঃ ১৮/০৩/২০০৩ খৃঃ।

**বিষয় ঃ রাজস্ব সংরক্ষণ ও দেশজ শিল্পের প্রতিরক্ষণের স্বার্থে Home Consumption Bond ব্যবস্থাপনায় অধিকতর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠাসহ কতিপয় শিল্প খাতে বন্ড সুবিধা প্রত্যাহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আমদানী-বিকল্প শিল্প বিকাশের লক্ষ্যে ইতোপূর্বে বিভিন্ন শিল্পখাতে ব্যাপক বন্ড সুবিধা প্রদান করা হয়েছিল । এই বন্ড সুবিধার অপব্যবহার হচ্ছে মর্মে নানা অভিযোগ রয়েছে । অধিকিন্তু, ইতোপূর্বে যে প্রেক্ষপটে ও যেসব দিক্ বিবেচনায় এধরনের বন্ড লাইসেন্স প্রদান করা হয়েছিল সে প্রেক্ষাপট বর্তমানে পরিবর্তীত হয়েছে । এরূপ পরিবর্তীত পরিস্থিতিতে বাস্তব ব্যবস্থা বিবেচনায় রাজস্ব সংরক্ষন ও দেশজ শিল্পের প্রতিরক্ষনের স্বার্থে যে খাত গুলোর সকল বন্ড লাইসেন্স প্রত্যাহার করা যায় তার বিস্তারিত তথ্য, পর্যালোচনা ও সুপারিশ জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করার জন্য কমিশনার, বন্ড কমিশনারেট, ঢাকাকে অনুরোধ জানানো হয়েছিল । উক্ত পত্রের প্রেক্ষিতে, বিদ্যমান Home Consumption Bond এর সংখ্যা, আমদানীর পরিমাণ, রাজস্ব প্রাপ্তির, বন্ডের আওতায় খালাস যোগ্য পণ্যের বর্তমান শুল্ক হার, লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের বন্ড কার্যক্রম, একইখাতে বন্ড সুবিধা বিহীন শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা ইত্যাদি দিক বিবেচনা করে বন্ড কমিশনারেট এর একটি প্রতিবেদন/সুপারিশ উক্ত দপ্তরের পত্র নং-৫(১৩)৬/বন্ড/কমিঃ/কাস্টম শাখা/পলিসি/২০০১/২১৭৪৭ তারিখ ঃ ৩১/১২/২০০২খৃঃ এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডে পাওয়া যায় । প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী Home Consumption Bond সুবিধাভোগী ১৮ টি খাত (যথাঃ জি.পি.শীট ও সি.আই শীট, ষ্টীল ড্রাম, প্যাকেট কৃত গুড়াদুধ, কন্ডেন্স মিল্ক, সরিষা ও নারকেল তৈল, বৈদ্যুতিক ফিটিংস, ওয়েলডিং ইলেকট্রোডস্, কাগজ ও কাগজের বোর্ড দ্বারা তৈরী প্যাকিং সামগ্রী, কাগজ, কার্টন, পিপি ওভেন ব্যাগ, পলি যেস্টার সুতা, মটর গাড়ী, সিমেন্ট, মার্বেল ও গ্রানাইট স্ল্যাব, ডিটারজেন্ট পাউডার, নৌযান এবং এম.এস রড) এর অন্তর্ভূক্ত ৭০ টি প্রতিষ্ঠানের বন্ড কার্যক্রম, প্রাপ্ত রাজস্বের পরিমাণ, একই খাতের বিদ্যমান বন্ড সুবিধা প্রাপ্ত ও বন্ড সুবিধা বিহীন প্রতিষ্ঠানের সংখ্যা ইত্যাদি দিক পরীক্ষা ও পর্যালোচনা করে দেখা হয়েছে । পর্যালোচনায় দেখা যে, একদিকে বন্ড সুবিধার আওতায় কোন কোন প্রতিষ্ঠান শুল্ক কর পরিশোধ ব্যতিরেকে আমদানীকৃত কাঁচামাল শুল্ক স্টেশন হতে খালাশ গ্রহণ করছে এবং অপরদিকে একই খাতের অন্য সকল প্রতিষ্ঠান শুল্ক-কর পরিশোধ করে আমদানীকৃত কাঁচামাল শুল্ক স্টেশন হতে খালাস নিচ্ছে । ফলে একই খাতের শিল্প প্রতিষ্ঠানসমূহের মধ্যে অসম প্রতিযোগিতা সৃষ্টি হচ্ছে । তাছাড়া বন্ড সুবিধা প্রাপ্ত কোন কোন প্রতিষ্ঠানের আমদানীযোগ্য কাঁচামাল দেশে উৎপাদিত হচ্ছে । দেশের স্বার্থে কাঁচামাল উৎপাদনকারী ঐ সকল প্রতিষ্ঠানের প্রতিরক্ষণ নিশ্চিত করা প্রয়োজন ।

০২। এখানে আরোও উল্লেখ করা প্রয়োজন যে, ২০০২-২০০৩ অর্থ বছরের বাজেটে বন্ড সুবিধা সংকোচন ও নিয়ন্ত্রণের প্রস্তাব উপস্থাপিত হয়েছে । সরকার গঠিত Revenue Reform Commission-কর্তৃক সম্প্রতি দাখিলকৃত Interim Report-এ এ ধরনের বন্ডেড ওয়্যার হাউস পরিচালন, পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণের ক্ষেত্রে নতুন নিয়ন্ত্রিত পদ্ধতি প্রণয়নের সুপারিশ পেশ করা হয়েছে ।

০৩। উপরি উক্ত প্রেক্ষাপটে রাজস্ব সংরক্ষণ ও দেশীয় শিল্পের প্রতিরক্ষণের স্বার্থে অনুচ্ছেদ ০১ এ উল্লিখিত সকল প্রতিষ্ঠানের বন্ড সুবিধা প্রত্যাহার করা সহ কতিপয় ক্ষেত্রে অধিকতর নিয়ন্ত্রণ আরোপ করা সমীচীন বিবেচনা করে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে, যথা ঃ

(ক) অনুচ্ছেদ ০১ এ উল্লিখিত ১৮টি খাতভূক্ত সকল বন্ড লাইসেন্স বাতিলের লক্ষ্যে কমিশনার (বন্ড), ঢাকা, শুল্ক আইন, ১৯৬৯ এর ধারা ১৩(২) এর দফা (এ) অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন । তবে, যে সকল প্রতিষ্ঠানের নিকট সরকারের পাওনা রয়েছে তাঁদের বন্ড লাইসেন্সগুলো প্রথমে সাময়িকভাবে বাতিল করে বকেয়া আদায় কার্যক্রম শেষে তা চূড়ান্তভাবে বাতিল করতে হবে;

(খ) অনুচ্ছেদ ০১ এ উল্লিখিত ১৮ (আঠার) টি শিল্প খাতে নতুন করে আর কোন Home Consumption বন্ড লাইসেন্স প্রদান করা হবে না;

(গ) অনিবার্য কোন কারণে উপরি উল্লিখিত ৭০টি প্রতিষ্ঠানের মধ্যে যাদের লাইসেন্স তাৎক্ষনিক বাতিলকরণ, যতদিন পর্যন্ত সম্ভব হবে না, ততদিন পর্যন্ত সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে অর্ন্তবর্তীকালীন ব্যবস্থা হিসাবে আমদানীকৃত কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক/কর/ফি/চার্জ এর বিপরীতে নির্ধারিত ফরম-এ নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি গ্রহণ পূর্বক শুল্ক আইন ১৯৬৯ এর 86A ধারা অনুযায়ী পন্য শুল্ক ভবন/স্টেশন হতে খালাস দেয়ার ব্যবস্থা নিতে হবে । উক্তরূপ বন্ড লাইসেন্স বাতিলকরণে ক্ষেত্রে বিদ্যমান অন্তরায় সমূহ দ্রুত অপসারণ করে অনুচ্ছেদ (ক) এ বর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) এ ছাড়া, Home Consumption বন্ড সুবিধাপ্রাপ্ত অপরাপর খাতের সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রেও রাজস্ব সংরক্ষণকল্পে নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি গ্রহণ করে শুল্ক আইন ১৯৬৯ এর 86A ধারা অনুযায়ী আমদানী পণ্য খালাস দেয়ার ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করতে হবে। তবে, মূল্য সংযোজন কর প্রাপ্তির প্রধান উৎসের কথা বিবেচনায় রেখে সিগারেট শিল্পের ক্ষেত্রে উক্তরূপ ব্যবস্থা প্রয়োগের বিষয়ে করনীয় সম্পর্কে পরবর্তীতে অবহিত করা হবে।

(ঙ) যেসব পণ্যের গুনগত মানের অবনতি ঘটার আশংকা থাকে-সেসব পণ্যের ক্ষেত্রে বন্ডি মেয়াদ ০৩ (তিন) মাসের অধিক নির্ধারণ না করার লক্ষ্যে শুল্ক আইন ১৯৬৯ এর ধারা ৯৮(১)-তে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করতে হবে।

০৪। কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে অনুচ্ছেদ ০৩ এ বর্ণিত ব্যবস্থা কার্যকরণে মাননীয় আদালতের নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থেকে থাকলে সেক্ষেত্রে মাননীয় উচ্চতর আদালত হ'তে উক্ত নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ এর বিপরীতে প্রতিবিধান গ্রহণ করে সেমতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। সরকারের উপরি উক্ত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন ও অনুসরন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হ'ল।

দ্বিতীয় সচিব (শুল্ক ঃ রপ্তানি ও বন্ড)
জাতীয় রাজস্ব বোর্ড

প্রাপক ঃ

কমিশনার
বন্ড কমিশনারেট, ঢাকা ।